

# কারিগরিতে ভর্তির হার ১৬, লক্ষ্য ২০ ভাগে উন্নীত -শিক্ষামন্ত্রী

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক, চাঁদপুর

। ঢাকা, রোববার, ২৬ মে ২০১৯

শিক্ষামন্ত্রী ড. দীপু মনি বলেছেন, শিক্ষাব্যবস্থায় কারিগরিতে এখন অধিক জোর দেয়া হচ্ছে। বর্তমানে কারিগরি প্রতিষ্ঠানে ভর্তি হার ১৬ ভাগে উন্নীত হয়েছে। আগামী ২১ সালে ২০ ভাগে নেয়ার চেষ্টা চলছে। যা ২০১০ সালে ছিল মাত্র ১ভাগ। শুক্রবার দুপুরে চাঁদপুর সদর উপজেলা মিলনায়তনে বয়স্ক ও বিধবা ভাতা প্রদান অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

দীপু মনি আরও বলেন, দেশের শিক্ষায় ব্যাপক উন্নতি হয়েছে। এবার শিক্ষার মানোন্নয়নের দিকে নজর দেয়া হচ্ছে। সবাই উচ্চশিক্ষায় শিক্ষিত হতে না পারলেও যেন বেকার না থাকতে হয় সে জন্যে কারিগরি শিক্ষায় গুরুত্ব দেয়া হচ্ছে।

অনুষ্ঠানে ঘুর্ণিঝড় ফুণীর আঘাতে ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে টেউটিন, নগদ টাকা ও চাল বিতরণ করা হয়। দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত অসহায় মানুষের মাঝে ৫০ হাজার টাকা করে চেক বিতরণ করা হয়।

এ সময় চাঁদপুর জেলা আওয়ামী লীগের সভাপতি নাসির উদ্দীন আহমেদ, সাধারণ সম্পাদক আবু

নঙ্গম পাটওয়ারী দুলাল। উপজেলা নর্বাহা  
কর্মকর্তা কানিজ ফাতেমা প্রমুখ উপস্থিত  
ছিলেন।